

- ঙ) 'অতিথি' গল্পে তারাপদর সঙ্গে প্রথম সাক্ষাতের সময় চারুর বয়সের কী নির্দেশিকা ছিল?
- চ) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও একটি উদাহরণ দাও।
- ছ) 'হারানের নাতজামাই' গল্পে ধ্রুবপদটি উল্লেখ করো। কার মুখে এই ধ্রুবপদটি কতবার উচ্চারিত হয়েছে?
- জ) 'দ্বীর পত্র' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ঝ) প্রেমেন্দ্র মিত্র রচিত তোমার পাঠ্য গল্পটিতে কোন্ প্রখ্যাত মনস্তাত্ত্বিকের কোন্ তত্ত্বের কথা আছে?
- ঞ) 'হারানের নাতজামাই' গল্পে উল্লিখিত 'তেভাগা' শব্দটির তাৎপর্য লেখো।
- ট) 'নিশীথে' গল্পটি কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়?
- ঠ) চলিত রীতিতে লেখা রবীন্দ্রনাথের প্রথম গল্প কোনটি? সেটি কী ধরনের গল্প?
- ড) খোঁড়া শেখ কার সামনে কোন্ গানটি গেয়েছিল?
- ঢ) 'তিনি আমার ছুটির দরখাস্ত মঞ্জুর করেছেন' - বক্তা কে? 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?
- ণ) 'তাহার ব্যবহারে লজ্জার লক্ষণও লেশমাত্র দেখা গেল না।' - কার সম্পর্কে এবং কেন একথা বলা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) 'দেবী' গল্পে 'ধর্মের সঙ্গে ধর্মতন্ত্রের' বিরোধে প্রাণের বিনাশ ঘটায় সতর্ক উপদেশ মূর্ত হয়েছে - আলোচনা করো।

- খ) অলৌকিক বিষয় নয়, 'দক্ষিণাচরণের মনোবিকার রয়েছে নিশীথে গল্পের ক্ষেত্রে' - আলোচনা করো।
- গ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'দ্বীর পত্র' গল্পটিকে কোন্ পর্বের অন্তর্ভুক্ত করা হয়? রবীন্দ্রনাথের ছোটগল্পের ক্ষেত্রে এই পর্বের বৈশিষ্ট্য লেখো।
- ঘ) 'অতিথি' গল্পে রবীন্দ্রনাথের বালকমন ও বাউলমনের আভাস পাওয়া যায় - সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) 'নারী ও নাগিনী' গল্পে খোঁড়া শেখ শেষপর্যন্ত বিবিকে ক্ষমা করে দিল কেন?
- চ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারানের নাতজামাই' গল্পে ময়নার মা চরিত্রটির ভূমিকাটি পরিস্ফুট করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) "তাহার জীবন অভিজ্ঞতা যেমন বিচিত্রপথকাম্য, তাহার রূপায়ণ দক্ষতাও সেইরূপ বিস্ময়কর"। - 'বান' গল্পটি অবলম্বনে মন্তব্যটির সারবত্তা বিচার করো।
- খ) 'দ্বীর পত্র' গল্পের মৃণাল চরিত্রের বিশিষ্টতার দিকগুলি পরিস্ফুট করো।
- গ) 'নিশীথে' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ঘ) মনস্তাত্ত্বিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য নির্দেশ করে একটি সার্থক বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।